

বিজ্ঞপ্তি

এতদ্বারা ঝাড়গ্রাম জেলার অর্ন্তভুক্ত স্বার্থসংশ্লিষ্ট সকল ব্যক্তির অবগতির জন্য জানানো যাইতেছে যে, পশ্চিমবঙ্গ সরকারের ১৯৬৫ সালের ভূমি বিষয়ক বিধি ও উপবিধি অনুসারে ইতিপূর্বে অনুমোদন ছাড়াই যে সমস্ত জমির চরিত্র ইং ০৭/১১/২০১৭ তাং এর পূর্বে পরিবর্তন করা হইয়াছে, তাহা নিয়মিতকরণের উদ্দেশ্যে প্রয়োজনীয় আবেদন আগামী ইং ০৭/০৮/২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা করিতে হইবে।

প্রসঙ্গত, পঞ্চগয়েত এলাকায় ০.০৮ একর পর্যন্ত এবং পৌর এলাকায় ০.০৩ একর পর্যন্ত জমির শ্রেণী পরিবর্তনের নিয়মিতকরণের আবেদন ১গ (1C) ফর্মে সংশ্লিষ্ট সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে এবং পঞ্চগয়েত এলাকায় ০.০৮ একর এর বেশি এবং পৌর এলাকায় ০.০৩ একর এর বেশি জমির শ্রেণী পরিবর্তনের নিয়মিতকরণের আবেদন ১ঘ (1D) ফর্মে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে জমা করিতে হইবে।

বিশেষভাবে অবগত করা যাইতেছে যে, উক্ত তারিখের পর (০৭/০৮/২০১৯) এই সংক্রান্ত কোন আবেদন জমা নেওয়া হইবে না।

অনুমত্যানুসারে
অতিরিক্ত জেলাশাসক ও
জেলা ভূমি ও ভূমি সংস্কার
আধিকারিক, ঝাড়গ্রাম